# জুলাই সনদ বাস্তবায়ন না হলে দায়ী থাকবে সরকার ও ঐকমত্য কমিশন: সালাহউদ্দিন আহমেদ


বিএনপি নেতা সালাউদ্দিন আহমেদ: সংগৃহীত ছবি

'জুলাই সনদ' চলতি মাসের মধ্যেই কার্যকর না হলে এর পূর্ণ দায় বর্তাবে অন্তর্বর্তীকালীন সরকার এবং ঐকমত্য ভিত্তিক গঠিত কমিশনের ওপর—বলে মন্তব্য করেছেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদ।

শুক্রবার (১৮ জুলাই) বিকেলে রাজধানীর পল্লবীতে ঢাকা মহানগর উত্তর বিএনপি আয়োজিত এক মৌন মিছিলপূর্ব সমাবেশে তিনি এ বক্তব্য দেন। সমাবেশটি ছিল 'চব্বিশের গণঅভ্যুত্থানে' শহীদদের স্মরণে অনুষ্ঠিত কর্মসূচির অংশ।

সালাহউদ্দিন বলেন, "পিআর পদ্ধতি বা স্থানীয় সরকার নির্বাচন সামনে রেখে যারা নতুন ফর্মুলা তুলে ধরছে, তাদের রাজনৈতিক উদ্দেশ্য পরিষ্কার নয়। তাদের কার্যকলাপ রাজনৈতিকভাবে অসৎ বলেই প্রতীয়মান হয়। বর্তমান সরকারের কোনও ম্যান্ডেট নেই স্থানীয় সরকার নির্বাচন আয়োজনের।"

তিনি আরও বলেন, "বিএনপি এই অন্তর্বর্তীকালীন সরকারকে প্রকৃতপক্ষে তত্ত্বাবধায়ক সরকারের রূপান্তর হিসেবেই বিবেচনা করছে। কাজেই এর দায়িত্বশীল ভূমিকা প্রত্যাশিত।"

গণতান্ত্রিক শক্তিগুলোর মধ্যে বিভেদ সৃষ্টির নানা ষড়যন্ত্রের কথাও উল্লেখ করে বিএনপির এই জ্যেষ্ঠ নেতা বলেন, "এই ষড়যন্ত্র প্রতিহত করতে জনগণকে সঙ্গে নিয়ে আমাদের জাতীয় ঐক্যকে সুসংহত রাখতে হবে। ফ্যাসিবাদবিরোধী আন্দোলনে কোনো ছাড় নেই।"

পরে মৌন মিছিলটি পল্লবী থেকে শুরু হয়ে বিভিন্ন সড়ক ঘুরে আবার পল্লবীতে এসে শেষ হয়।